



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জীবন বীমা কর্পোরেশন

গ্রুপ বীমা ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ/অবহিতকরণ বিষয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী।

সভাপতি : আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান, জেনারেল ম্যানেজার (প্রশাসন)।
সভার তারিখ : ২৭ নভেম্বর, ২০২৩
সভার সময় : দুপুর ১২.১৫ মিনিট
সভার স্থান : সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির কার্যক্রম সম্পর্কে ধারণা দেন এবং সভার আলোচ্য সূচি অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী আলোচনা করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী দপ্তর
০১.	<p>জীবন বীমা কর্পোরেশন এর বিভাগীয় পর্যায়ে এবং এর আওতাধীন অফিসসমূহে ওয়েবসাইট চালু করে সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করণ এর অগ্রগতি পর্যালোচনা</p> <p>আলোচনা :</p> <p>ক. রাজশাহী রিজিওনাল অফিস ইনচার্জ জানান সিটিজেন্স চার্টার প্রস্তুত করা হয়েছে। ওয়েবসাইট চালু করণের জন্য আইসিটি ডিভিশন প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ করা হয়েছে।</p> <p>খ. আইসিটি ডিভিশন কর্তৃক জানানো হয় ওয়েবসাইট চালু করণের জন্য A2i এর সাথে কথা হয়েছে। শীঘ্রই ওয়েবসাইট চালু করার কাজ আরম্ভ হবে।</p> <p>গ. সভার সভাপতি আলোচ্য বিষয়ের উপর সকলের আলোচনার ভিত্তিতে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ক. সকল রিজিওনাল অফিস আগামী সাত দিনের মধ্যে সিটিজেন্স চার্টার তৈরী করে দৃশ্যমান স্থানে স্থাপন করবে এবং ছবি তুলে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।</p> <p>খ. আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয় A2i এর সহায়তায় রিজিওনাল অফিসসমূহের জন্য ওয়েবসাইট চালু করবে।</p> <p>গ. রিজিওনাল অফিসসমূহের স্বতন্ত্র ওয়েবসাইট চালু না হওয়া পর্যন্ত তৈরীকৃত সিটিজেন্স চার্টার আইসিটি ডিভিশন কর্তৃক প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করা হবে।</p>	সকল রিজিওনাল অফিস ও আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়।

০২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর উপর কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে।	প্রশিক্ষণ বিভাগের সহযোগিতায় সকল রিজিওনাল অফিস।
-----	--	---	---

আলোচনার জন্য আর কোনো বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান
জেনারেল ম্যানেজার (প্রশাসন)

ও

আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

স্মারক নং : ৫৩.১৯.৯০০১.০০৫.০০.০০০.২৩.২০২৩

তারিখ : ২৭ নভেম্বর, ২০২৩

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. রিজিওনাল ইনচার্জ (সকল);


০২. কমিটির সদস্য (সকল);

০৩. ডিজিএম-আই.সি.টি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা- কার্যবিবরণী সেবা বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;

০৪. ম্যানেজার- প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা- রিজিওনাল অফিস সমূহের সহিত যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

০৫. পিএস টু এমডি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা- ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য;

০৬. অফিস কপি।



মোঃ ভিখারুল আলম

ম্যানেজার-গুপ বীমা ডিভিশন ও বিকল্প ফোকাল
পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব,
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।